

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৩২

পর্ব-৭: সওম (রোয়া) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - (সিয়াম) কায়া করা

بَابُ الْقَضَاءِ

আরবী

وَعَنْ مُعَاذَةَ الْعَدَوِيَّةِ أَنَّهَا قَالَتْ لِعَائِشَةَ: مَا بَالُ الْحَائِضِ تَقْضِي الصَّوْمَ وَلَا تَقْضِي
الصَّلَاةَ؟ قَالَتْ عَائِشَةَ: كَانَ يُصِيبُنَا ذَلِكَ فَنُؤْمِرُ بِقَضَاءِ الصَّوْمِ وَلَا نُؤْمِرُ بِقَضَاءِ
الصَّلَاةِ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

২০৩২-[৩] মু'আয়াত্ আল 'আদাবিয়াত্ (রহঃ) (কুনিয়াত উম্মুস সুহবা) থেকে বর্ণিত। তিনি উম্মুল মু'মিনীনাহ্ আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্ঞেস করলেন, ঝর্তুবতী মহিলাদের সওম কায়া করতে হয়, অথচ সালাত কায়া করতে হয় না, কারণ কী? 'আয়িশাহ্ (রাঃ) বলেন, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্ধশায় আমাদের যখন মাসিক হত, তখন সওম কায়া করার হুকুম দেয়া হত। কিন্তু সালাত কায়া করার হুকুম দেয়া হত না। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম ৩৩৫, আবু দাউদ ২৬৩, মুসান্নাফ 'আবদুর রায়ফাক ১২৭৭, সুনানুল কুবরা লিল বাযহাকী ৮১১২, ইরওয়া ২০০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আয়িশাহ্ (রাঃ)-কে এটা জিজ্ঞেস করার কারণ হলো, 'সালাত এবং সিয়াম' উভয়টি হুকুমগতভাবে সমান হবে, এটাই বিবেকের দাবি। কারণ উভয়টি তো 'ইবাদাত, এবং বিশেষ কারণে তা পরিত্যাগ করতে হয়। সুতরাং সিয়াম কায়া ওয়াজিব। আর সালাত কায়া ওয়াজিব নয়, এটা জিজ্ঞাসাকারীর বোধগম্য ছিল না। এ মর্মে ইমাম বুখারী (রহঃ) তার বিশুদ্ধ গ্রন্থে সিয়াম অধ্যায়ে আবূয় যিনাদ (রহঃ) থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, নিচয়ই সুন্নাতসমূহ ও হুকুমের বিভিন্ন দিক অধিকাংশ ক্ষেত্রে যুক্তির বিপরীতে আসে কাজেই মুসলিমগণ শারী'আতে যা পাবে তার অনুসরণ করবে। সুতরাং ঝর্তুমতী নারী সিয়াম কায়া করবে এবং সালাত কায়া করবে না।

তবে ফিকহবিদগণ সালাত ও সিয়ামের পার্থক্য নির্ধারণে বলেছেন, সালাত কায়া করার বিধান না থাকার মাঝে হিকমাত হলোঃ সালাত বার বার আদায় করতে হয় বিধায় তা কায়া করা অত্যন্ত কঠিন। (অর্থাৎ- খতুন্নাব সাধারণত ৩, ৫, ৭, ১০ দিন পর্যন্ত হয়, যে নারীর মাসিক ১০ দিন হয় তার $10 \times 5 = 50$ ওয়াক্ত সালাত কায়া করতে হবে যা খুবই কঠিন) পক্ষান্তরে সিয়াম বছরে মাত্র একবার যা কায়া করা মোটেই কঠিন নয়। তবে ‘আয়শাহ’ (রাঃ) শুধু রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশের কথা বলেছেন। সুতরাং ফকীহদের এ রহস্য জানার প্রয়োজন নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56592>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন